পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone: (off.) 8613280
9661900-59/4079
Fax: 88-02-9667222
E-mail: examcontrollera7c@du.ac.bd

মেমো নং:- ১৫৯৯/শা-২/প.

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩০
১৯ ফেব্রুয়ারি ২০২৪

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

## ২০২০ সনের মাস্টার্স শেষ পর্ব (বিশেষ) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি।

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিয়মিত ও প্রাইভেট নিয়মিত (২০১৯ সনের মাস্টার্স ১ম পর্বে উত্তীর্ণ শিক্ষার্থীরা), অনিয়মিত (২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ মাস্টার্স শেষপর্ব বিশেষ যে সকল শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারেনি এবং ২০১৮ সনের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী যারা ২০১৯ সনের মাস্টার্স শেষপর্ব বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি) শিক্ষার্থীরা ২০২০ সনের মাস্টার্স শেষ পর্ব বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ফরম পূরণ আগামী ২০/০২/২০২৪ তারিখে শুরু হবে। পরীক্ষার্থীদের অনলাইনে আবেদন ফরম পূরণ, আনুষঙ্গিক নিয়ম, শর্তাবলী ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কার্যাবলি নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

| পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরম পূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ |
|---|
| ২০/০২/২০২৪ থেকে ০৩/০৩/২০২৪ |

২০২০ সনের মাস্টার্স শেষ পর্ব বিশেষ (নিয়মিত, প্রাইভেট নিয়মিত এবং অনিয়মিত) পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী):

| ক্র. নং | বিবরণ | নির্ধারিত ফি | ক্র. নং | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|---|
| ক | তত্ত্বীয় ফি (প্রতি পূর্ণ পত্র) | ২৫০/- | ছ | সমাজকর্ম বিষয়ের মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ১০০০/- |
| খ | তত্ত্বীয় ফি (প্রতি অর্ধ পত্র) | ১৫০/- | জ | টার্ম পেপার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)-<br>* বিশ্ববিদ্যালয়ে জমা হবে- ১০০/-<br>*কলেজে জমা হবে- ১৫০/- | ২৫০/- |
| গ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী কেন্দ্র- ৪৫০/- এবং কলেজ- ৩০০/-) | ৭৫০/- | ঝ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)-<br>• বিশ্ববিদ্যালয়ে জমা হবে -১০০/-<br>• কলেজে জমা হবে- ২০০/- | ৩০০/- |
| ঘ | মৌখিক পরীক্ষার ফি | ২৫০/- | ঞ | থিসিস ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ১,৫০০/- |
| ঙ | ব্যবহারিক পরীক্ষার ফি | ২৫০/- | ট | সাময়িক সনদ ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ৩০০/- |
| চ | কেন্দ্র ফি-ব্যবহারিক (কলেজে জমা হবে) | ১২০/- | ঠ | নম্বরপত্র ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ৪৫০/- |

২০২০ সনের মাস্টার্স শেষ পর্ব বিশেষ (নিয়মিত, প্রাইভেট ও মানোন্নয়ন) পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী):

| ক্র. নং | বিবরণ | ফি |
|---|---|---|
| ক | এমএ/এমএসএস/এমবিএ (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | ২,৯৫০/- (নিয়মিত ও অনিয়মিত) |
| | | ২,৮৫০/- (প্রাইভেট) |
| খ | এমএসসি (নিয়মিত ও অনিয়মিত) সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | ৩,১০০/- |
| গ | থিসিস ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ১,৫০০/- |
| ঘ | আইসিটি ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ৭০০/- (নির্ধারিত) |
| ঙ | অকৃতকার্য পরীক্ষার্থীর ক্ষেত্রে | ৩০০/- |
| চ | শুধুমাত্র মৌখিক/ব্যবহারিক/টার্মপেপার/মাঠকর্ম/থিসিস পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | ১,০০০/- |

১। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

(ক) নিয়মিত ও নিয়মিত প্রাইভেট শিক্ষার্থীর ক্ষেত্রে:
২০১৯ সনে মাস্টার্স ১ম পর্বে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২০ সনের মাস্টার্স শেষ পর্ব বিশেষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

(খ) অনিয়মিত ও অকৃতকার্য শিক্ষার্থীর ক্ষেত্রে:
২০১৮ বিশেষ এবং ২০১৯ বিশেষ মাস্টার্স ফাইনাল পরীক্ষায় যে সকল শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারেনি তারা অনিয়মিত হিসেবে নিজ নিজ সিলেবাস অনুযায়ী অংশগ্রহণের সুযোগ পাবে। ২০১৮ বিশেষ এবং ২০১৯ বিশেষ পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষাথীরা ২০২০ সনের মাস্টার্স শেষ পর্ব বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে (শিক্ষাবর্ষের মেয়াদ থাকা সাপেক্ষে)। **২০১৯ সনের মাস্টার্স বিশেষ পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত হিসেবে অংশগ্রহণ করে** F গ্রেড প্রাপ্ত একজন শিক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সের পাশাপাশি **C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ দুইটি কোর্সে** ২০২০ সালের মাস্টার্স শেষ পর্ব বিশেষ পরীক্ষায় পরীক্ষার্থীরা নিজ নিজ সিলেবাস অনুযায়ী অংশগ্রহণের সুযোগ পাবে। এছাড়াও **২০১৯ সনের মাস্টার্স বিশেষ পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত হিসেবে অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থীর GPA- 2.50 এর নিচে আছে তারা আলোচ্য পরীক্ষায় C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ দুইটি কোর্সে মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে GPA- 2.50 বা তার বেশি হলে এই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

২। ইনকোর্স ও টার্ম পেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলী:

২০২০ সালের মাস্টার্স শেষ পর্ব বিশেষ পরীক্ষার পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম কলেজ কর্তৃক ভেরিফাই করার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বিপরীতে প্রাপ্ত ইনকোর্স/ টার্ম পেপারের নম্বর এন্ট্রি করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি এবং ইনকোর্স / টার্ম পেপার পরীক্ষার খাতা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে (প্রয়োজন সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে প্রেরণ করতে হবে)।

৩। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য):

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ http://dua7c.com/ সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) **প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে** এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ২৯/০২/২০২৪ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

ঘ) পরীক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত-ফি সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে সঠিক আছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয় কোড ভুল এন্ট্রির জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড সিলেক্ট করতে ভুল হলে তা পুনরায় বিশ্ববিদ্যালয়ে আবেদনের প্রেক্ষিতে সঠিকভাবে পূরণ করতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। কলেজের জন্য করণীয়:

অনলাইনে আবেদন ফরম পূরণ ভেরিফাই ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):

ক) কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফিকেশন ও ব্যাংক ড্রাফটের শেষ তারিখ: ০৫/০৩/২০২৪ (উল্লেখ্য যে, উক্ত তারিখের পর আর কোন লেইট ভেরিফাই এর আবেদন গ্রহণ করা হবে না)।

খ) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ http://dua7c.com/লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে এবং শিক্ষার্থীর ফরম পূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী ২০২০ সালের মাস্টার্স শেষ বর্ষ বিশেষ পরীক্ষার ফরম পূরণের শর্তাবলী পূরণ করলে তা নিশ্চিত হয়ে কলেজ কর্তৃপক্ষ ভেরিফাই করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফাই হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

গ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

৫। ফি জমাদানের নিয়মাবলী:

২০২০ সালের মাস্টার্স শেষ পর্ব বিশেষ পরীক্ষার সকল পরীক্ষার্থীর ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৬৬- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় **(A/C Payee)** হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-33011288 (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে।

আপনার বিশ্বস্ত,

মোঃ বাহালুল হক চৌধুরী

(মোঃ বাহালুল হক চৌধুরী)

পরীক্ষা নিয়ন্ত্রক

19 FEB 2024

ঢাকা বিশ্ববিদ্যালয়

E-mail: examcontrollera7c@du.ac.bd

19.02.2024